# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৭৯/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার, ১৩ মার্চ ২০১৮, ২৯ ফাল্গুন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রাষ্ট্রপতি ভারতে চারদিনের সরকারি সফরশেষে দেশে ফিরেছেন

২। নেপালে ইউএস-বাংলা এয়ারলাইন্সের উড়োজাহাজ বিধ্বস্ত হয়ে হতাহতের ঘটনায় রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর গভীর শোক প্রকাশ

৩। নেপালের প্রধানমন্ত্রীকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ফোন : সব ধরনের সহায়তার আশ্বাস

৪। প্রধানমন্ত্রী সিঙ্গাপুর সফর সংক্ষিপ্ত করে আজ দেশে ফিরছেন

৫। রোহিঙ্গা প্রত্যাবাসনে সিঙ্গাপুরের হস্তক্ষেপ কামনা প্রধানমন্ত্রীর

৬। বাংলাদেশ ও সিঙ্গাপুরের মধ্যে দু'টি সমঝোতা স্মারক স্বাক্ষর

৭। কাজে লাগাতে হবে জনশক্তি ও পুঁজি : সিঙ্গাপুরের প্রধানমন্ত্রীর আয়োজনে মধ্যাহ্ন ভোজে প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৮। সিঙ্গাপুর বন্দর পরিদর্শন করলেন প্রধানমন্ত্রী

৯। বিমান দুর্ঘটনায় আহতদের চিকিৎসার জন্য নেপাল যেতে প্রস্তুত বাংলাদেশ মেডিক্যাল টিম : স্বাস্থ্যমন্ত্রী

১০। সরকারের ইতিবাচক পদক্ষেপে কমেছে বাল্যবিয়ে : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

চলমান পাতা=২

১। **রাষ্ট্রপতি ভারতে চারদিনের সরকারি সফরশেষে দেশে ফিরেছেন**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ভারতে চারদিনের সরকারি সফরশেষে গতকাল (১২ মার্চ সোমবার) দেশে ফিরেছেন। ভারতের নয়াদিল্লীর ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দর থেকে রাষ্ট্রপতি ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী জেট এয়ারওয়েজের একটি নিয়মিত এয়ারক্রাফট বিকেল সোয়া ৪টায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.১)।

২। **নেপালে ইউএস-বাংলা এয়ারলাইন্সের উড়োজাহাজ বিধ্বস্ত হয়ে হতাহতের ঘটনায় রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর গভীর শোক প্রকাশ**

নেপালে ইউএস-বাংলা এয়ারলাইন্সের উড়োজাহাজ বিধ্বস্ত হয়ে হতাহতের ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (১২ মার্চ সোমবার) কাঠমান্ডুর ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দরে এ দুর্ঘটনায় ঐ উড়োজাহাজের ৭১ আরোহীর মধ্যে ৫০ জনের মৃত্যুর আশঙ্কা করা হচ্ছে। এক শোকবার্তায় রাষ্ট্রপতি শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন। সিঙ্গাপুর সফরে থাকা প্রধানমন্ত্রী শেখ হাসিনাও এ দুর্ঘটনায় গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। তিনি নিহতদের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করেছেন এবং আহতদের দ্রুত সুস্থতা কামনা করেছেন। শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়েছেন প্রধানমন্ত্রী। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), যুগান্তর (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৩। **নেপালের প্রধানমন্ত্রীকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ফোন : সব ধরনের সহায়তার আশ্বাস**

নেপালের ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দরে ইউএস-বাংলা এয়ারলাইন্সের বিমান বিধ্বস্তের পর দেশটির প্রধানমন্ত্রী খাড়গা প্রসাদ শর্মা অলির সঙ্গে টেলিফোনে কথা বলেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ফোনালাপে বাংলাদেশ থেকে নেপালে একটি সাহায্যকারী দল পাঠানোর কথা বলেছেন প্রধানমন্ত্রী। সিঙ্গাপুর সফরে থাকা প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্থানীয় সময় ৭টা ৫০ মিনিটে নেপালের প্রধানমন্ত্রীকে ফোন করেন। এ সময় নেপালের প্রধানমন্ত্রী হতাহতের ঘটনায় গভীর শোক প্রকাশ করেন। খাড়গা প্রসাদ শর্মা অলি জানান, দুর্ঘটনার পর তিনি ঘটনাস্থলে যান এবং প্রয়োজনীয় নির্দেশনা দেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ত্রিভুবন বিমানবন্দর খোলার সঙ্গে সঙ্গে তিনি সাহায্যকারী দল নেপালে পাঠাবেন। তিনি আরও বলেন, প্রয়োজনীয় যত রকমের সাহায্য দরকার বাংলাদেশ তা করবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

৪। **প্রধানমন্ত্রী সিঙ্গাপুর সফর সংক্ষিপ্ত করে আজ দেশে ফিরছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সিঙ্গাপুর সফর সংক্ষিপ্ত করে আজ (১৩ মার্চ মঙ্গলবার) দেশে ফিরছেন। পূর্ব নির্ধারিত সিডিউল অনুযায়ী আগামীকাল বুধবার তাঁর ফেরার কথা ছিল। কিন্তু গতকাল (১২ মার্চ সোমবার) নেপালে ইউএস-বাংলার উড়োজাহাজ বিধ্বস্ত ও প্রাণহানির ঘটনা শুনে সফর একদিন সংক্ষিপ্ত করার সিদ্ধান্ত নেন তিনি। আজ স্থানীয় সময় বিকাল ৩টা ৫০ মিনিটে (বাংলাদেশ সময় দুপুর ১টা ৫০ মিনিট) প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী ফ্লাইটটি সিঙ্গাপুর থেকে বাংলাদেশের উদ্দেশ্যে যাত্রা শুরু করবে। সন্ধ্যা ৬টায় এটি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২), **সমকাল** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৫। **রোহিঙ্গা প্রত্যাবাসনে সিঙ্গাপুরের হস্তক্ষেপ কামনা প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশে আশ্রয় গ্রহণকারী মিয়ানমারের রোহিঙ্গা নাগরিকদের দ্রুত প্রত্যাবাসনের বিষয়ে সেদেশকে বোঝাতে সিঙ্গাপুরের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (১২ মার্চ সোমবার) সিঙ্গাপুরের রাষ্ট্রপতি ভবন ‘ইস্তানা’য় সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লি সিয়েন লুংয়ের সঙ্গে আনুষ্ঠানিক বৈঠককালে

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ ও মিয়ানমার আলাপ-আলোচনা করে এদের দ্রুত প্রত্যাবাসনের বিষয়ে ঐকমত্যে পৌঁছেছে। কিন্তু নানাবিধ কারণে প্রক্রিয়াটি বিলম্বিত হচ্ছে। তাদের নিরাপদ ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনে সিঙ্গাপুরের হস্তক্ষেপ কামনা করছি। তিনি বলেন, যেহেতু মিয়ানমার আসিয়ানের সদস্য এবং বর্তমানে আসিয়ানের নেতৃত্বে সিঙ্গাপুর, তাই সিঙ্গাপুর এ বিষয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে। এছাড়া দ্বিপাক্ষিক স্বার্থসংশ্লিষ্ট সকল বিষয় নিয়ে তাঁরা আলোচনা করেন। এর আগে প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'ইস্তানা'য় সিঙ্গাপুরের প্রেসিডেন্ট হালিমা ইয়াকুবের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৬। **বাংলাদেশ ও সিঙ্গাপুরের মধ্যে দু'টি সমঝোতা স্মারক স্বাক্ষর**

বাংলাদেশ ও সিঙ্গাপুর গতকাল (১২ মার্চ সোমবার) দু'টি সমঝোতা স্মারকে স্বাক্ষর করেছে। এগুলো হচ্ছে পাবলিক-প্রাইভেট অংশীদারিত্ব (পিপিপি) বিষয়ক সমঝোতা স্মারক এবং এয়ার সার্ভিস ম্যানেজমেন্ট সংক্রান্ত কনফিডেন্সিয়াল সমঝোতা স্মারক। আনুষ্ঠানিক বৈঠকশেষে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লি সিয়েন লুংয়ের উপস্থিতিতে স্মারকগুলো স্বাক্ষরিত হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৩), **নিউজ টুডে** (পৃ.১,ক.২)।

৭। **কাজে লাগাতে হবে জনশক্তি ও পুঁজি : সিঙ্গাপুরের প্রধানমন্ত্রীর আয়োজনে মধ্যাহ্ন ভোজে প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশের বিপুল তরুণ জনশক্তি এবং সিঙ্গাপুরের পুঁজি কাজে লাগিয়ে পারস্পরিক সহযোগিতায় এগিয়ে নিতে পারলে দুই দেশই লাভবান হতে পারে। গতকাল (১২ মার্চ সোমবার) সিঙ্গাপুরের প্রেসিডেন্ট ভবন ইস্তানায় এক মধ্যাহ্নভোজে অংশ নিয়ে তিনি এ কথা বলেন। বাংলাদেশের সরকার প্রধানের সম্মানে সিঙ্গাপুরের প্রধানমন্ত্রী লি সিয়েন লুং এ মধ্যাহ্নভোজের আয়োজন করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বাংলাদেশ ও সিঙ্গাপুর উন্নয়নের দুটি ভিন্ন পর্যায়ে অবস্থান করলেও সমৃদ্ধি অর্জনে দুই দেশের শক্তির জায়গাগুলো পরস্পরের পরিপূরক হতে পারে। সিঙ্গাপুরে পুঁজি, আধুনিক প্রযুক্তি ও জ্ঞান আর বাংলাদেশের বিপুল জনশক্তি যৌথভাবে কাজে লাগাতে পারলে দুই দেশই আরও লাভবান হতে পারে বলে মন্তব্য করেন বাংলাদেশের প্রধানমন্ত্রী। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **নিউ এজ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

৮। **সিঙ্গাপুর বন্দর পরিদর্শন করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১২ মার্চ সোমবার) বিশ্বের অন্যতম ব্যস্ত বাণিজ্যবন্দর 'পোর্ট অব সিঙ্গাপুর' পরিদর্শন করেন। গতকাল প্রধানমন্ত্রী এ বন্দর পরিদর্শন ও এর স্বয়ংক্রিয় কর্মকান্ড প্রত্যক্ষ করেন। বন্দরের কর্মকর্তাবৃন্দ তাদের কর্মপ্রক্রিয়া সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করেন ও চট্টগ্রাম বন্দরকে স্বয়ংক্রিয় করার ব্যাপারে সহযোগিতা করতে আগ্রহ প্রকাশ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **সংবাদ** (পৃ.২,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৪)।

৯ । **বিমান দুর্ঘটনায় আহতদের চিকিৎসার জন্য নেপাল যেতে প্রস্তুত বাংলাদেশ মেডিক্যাল টিম : স্বাস্থ্যমন্ত্রী**

নেপালের রাজধানী কাঠমান্ডুর ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দরে ইউএসবাংলা এয়ারলাইন্সের বিমান দুর্ঘটনায় আহতদের চিকিৎসার জন্য বাংলাদেশের বার্ন ইউনিটের একটি চিকিৎসক দলকে প্রস্তুত রাখা হয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিমের নির্দেশে স্বাস্থ্য অধিদফতর চিকিৎসকদের একটি তালিকা প্রস্তুত করেছে। নেপাল থেকে সাহায্য চাওয়ামাত্র চিকিৎসক দল কাঠমান্ডুর উদ্দেশ্যে রওনা দেবে বলে জানান স্বাস্থ্যমন্ত্রী। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

১০। **সরকারের ইতিবাচক পদক্ষেপে কমেছে বাল্যবিয়ে : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী**

মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বলেছেন, সরকারের ইতিবাচক পদক্ষেপে বাল্যবিয়ে কমেছে। বাংলাদেশ ডেমোগ্রাফিক হেলথ সার্ভে রিপোর্ট উপস্থাপন করে প্রতিমন্ত্রী বলেন, ২০০৪ সালে বাল্যবিয়ের হার ছিল ৬৮ দশমিক ৪ শতাংশ। দশ বছর পর ২০১৪ সালে সেটা কমে হয়েছে ৫৮ দশমিক ৬ শতাংশ। বাংলাদেশ ব্যুরো অব স্ট্যাটিস্টিকস (বিবিএস) এবং ইউনিসেফের যৌথ অংশগ্রহণের মাল্টিপল ক্লাস্টার

সার্ভে অনুযায়ী ২০০৫ সালে বাংলাদেশে বাল্যবিয়ে ছিল ৬৪ দশমিক ১ শতাংশ। ২০১৩ সালে তা কমে দাঁড়িয়েছে ৫২ দশমিক ৩ শতাংশ। গতকাল (১২ মার্চ সোমবার) সচিবালয়ে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে বাংলাদেশের বাল্যবিবাহ পরিস্থিতিবিষয়ক এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **প্রথম আলো** (পৃ.৫,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** ঢাকা হতে নেপালের উদ্দেশ্যে ছেড়ে যাওয়া বাংলাদেশের বেসরকারি বিমান সংস্থা ইউএস বাংলার উড়োজাহাজ নেপালের আন্তর্জাতিক বিমানবন্দরে বিধ্বস্ত হয়ে বাংলাদেশিসহ প্রায় অর্ধশত জন নিহত হওয়ায় শোক প্রকাশ করে এ ধরনের দুর্ঘটনার পুনরাবৃত্তি রোধে যথাযথ পদক্ষেপ কামনা।

**খ.** **সমকাল :** দেশে জেলা ও উপজেলা সরকারি হাসপাতালে ৬০ শতাংশ চিকিৎসক উপস্থিত থাকেন না এ খবরে উদ্বেগ প্রকাশ করে গ্রামীণ স্বাস্থ্যসেবা যথাযথভাবে পূরণ করতে এসব চিকিৎসকদের উপস্থিতি নিশ্চিত করতে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**গ.** **প্রথম আলো :** সিলেটের মালনীছড়া চা-বাগানের ভেতরে সাতটি টিলা কাটার খবরে উদ্বেগ প্রকাশ করে পরিবেশ রক্ষায় অনুমোদনহীন এ ধরনের কার্যকলাপে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**ঘ.** **ইনকিলাব :** কিশোরদের মধ্যে অপরাধ প্রবণতা মারাত্মকভাবে বৃদ্ধি পাওয়ায় উদ্বেগ প্রকাশ করে তাদের সঠিক পথে আনতে পরিবার, সমাজ ও রাষ্ট্রকেই দায়িত্ব নিতে হবে বলে মন্তব্য।

**ঙ.** **যায়যায়দিন :** রাজধানীতে সিএনজি চালিত অটোরিকশা চালকদের ভাড়া নৈরাজ্য ও যাত্রী হয়রানি বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**চ.** **ইন্ডিপেনডেন্ট :** প্রতিনিয়ত দেশের খাল ও পুকুর ভরাট হওয়ায় দেশীয় ছোট জাতের মাছ ক্রমান্বয়ে বিলুপ্তির মুখে পড়ায় এসব মাছ রক্ষায় সরকারের পক্ষ থেকে প্রযুক্তিভিত্তিক সহযোগিতাসহ সরকারি বেসরকারি পর্যায়ে সমন্বিত উদ্যোগ নেওয়ার সুপারিশ।

**ছ.** **ডেইলি সান :** বিজিবি ও বিএসএফ কর্তৃক বাংলাদেশ-ভারত সীমান্তের নির্দিষ্ট একটি এলাকাকে 'অপরাধ মুক্ত অঞ্চল' ঘোষণা করার বিষয়কে স্বাগত জানিয়ে এ উদ্যোগ থেকে ভবিষ্যতে সমগ্র বাংলাদেশ-ভারত সীমান্তই অপরাধমুক্ত অঞ্চল হওয়ার প্রত্যাশা।

**জ.** **ডেইলি স্টার, নিউ নেশন :** গরিব অসহায়দের নিরাপদ আশ্রয়ের জন্য নির্মিত চট্টগ্রাম সিটি করপোরেশনের ভবনগুলো অফিস হিসেবে ব্যবহারের পরিবর্তে অতিদ্রুত অসহায় দরিদ্রদের মাঝেই বিতরণের ব্যবস্থা করার সুপারিশ।

**ঝ.** **ফিনানশিয়াল এক্সপ্রেস :** প্রস্তাবিত নতুন জাতীয় কৃষি নীতি ২০১৮ প্রণয়নের উদ্যোগকে স্বাগত জানিয়ে কৃষিজমি শুধু কৃষি কাজেই যেন ব্যবহৃত হয় তা নিশ্চিত করার ব্যবস্থা করার প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দুর্নীতিমুক্ত সমাজ ও প্রশাসন গঠন করতে পারলে দেশের উন্নয়ন আরও বেগবান হবে।

## নিবন্ধ ও ফিচার

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'সহিংসতা নয়, চাই নারীর মর্যাদা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, নারীদের যাবতীয় প্রতিবন্ধকতা দূর করে নারী-পুরুষ সমতা আনয়ন করতে হবে।

#

শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা